**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
কাস্টমস্ বন্ড কমিশনারেট
৩৪২/১, সেগুন বাগিচা, ঢাকা।

নথি নং-৫(১৩)২৭৬/বন্ড ইউপি/পলিসি/২০০১/১২৭৯৪(১-২৪) তারিখ ঃ ২৯.৯.২০০৩

***আদেশ***

কাস্টমস বন্ড কমিশনারেট, সদর দপ্তর, ঢাকা এর ২২.০৪.২০০৩ তারিখের আদেশ নং-৫(১৩)০৬/বন্ড পলিসি/২০০১/৪৪২৪ দ্বারা কার্টন ও এক্সেসরিজ শিল্প প্রতিষ্ঠানের দাখিলকৃত ইউপি'র আবেদন পত্রসমূহ দ্রুত বাছাইপূর্বক স্বল্প সময়ের মধ্যে আবেদনকারী প্রতিষ্ঠানসমূহের অনুকূলে ইউপি ইস্যুর উদ্দেশ্যে এ দপ্তরে একটি ইউপি বাছাই কমিটি গঠন করা হয়েছিল। উক্ত কমিটি কর্তৃক কয়েক মাস যাবৎ যাচাই-বাছাইপূর্বক ইউপি ইস্যু করার প্রক্রিয়ায় বিভিন্ন প্রকারের প্যাকিং সামগ্রী ও এক্সেসরিজের গ্রহণযোগ্য ও স্বাভাবিক পরিমাপ এবং প্রতি একক পণ্য উৎপাদনে ব্যবহৃত কাঁচামালের পরিমাণ সম্পর্কে কতিপয় মানদন্ড ইতোমধ্যে প্রতিষ্ঠিত হয়েছে। উক্তরূপ মানদন্ড বিবেচনায় রেখে এখন বাছাই কমিটি ব্যতিরেকেই স্বাভাবিক প্রশাসনিক প্রক্রিয়ায় ইউপি ইস্যু করা সম্ভব বলে প্রতীয়মান হয়।

২। উপরিউক্ত পরিস্থিতি বিবেচনায় বর্ণিত আদেশ দ্বারা গঠিত ইউপি বাছাই কমিটি এতদ্বারা বিলুপ্ত করা হলো।

৩। এখন হতে যুগ্ম কমিশনার-১ এর তত্ত্বাবধানে ইউপি ইস্যুর দায়িত্বপ্রাপ্ত ডেপুটি/সহকারী কমিশনারগণ প্রয়োজনীয় যাচাই-বাছাই অন্তে নিয়মিতভাবে ইউপি ইস্যু করবেন। ইউপি'র আবেদন এ দপ্তরে গৃহীত হওয়ার তারিখ থেকে সর্বোচ্চ ৩(তিন) কার্যদিবসের মধ্যে ইউপি অনুমোদনপূর্বক তা জারী করতে হবে। উক্ত নির্ধারিত সময়সীমার মধ্যে ইউপি জারী করা কোন ক্ষেত্রে সম্ভব না হলে তার যৌক্তিক কারণ ব্যাখ্যা করে তাৎক্ষণিকভাবে সংশ্লিষ্ট কর্মকর্তা তত্ত্বাবধানকারী কর্মকর্তাকে অবহিত করবেন।

৪। ইউপি বাছাই ও জারী সংক্রান্ত বিষয়ে প্রয়োজনানুযায়ী পদ্ধতিগত সংস্কার ও উন্নয়নের লক্ষ্যে যুগ্ম কমিশনার-১ কমিশনারের সংগে আলোচনাক্রমে যথাযথ ব্যবস্থা গ্রহণ করবেন।

৫। এই আদেশ অবলিম্বে কার্যক্রম হবে।

**স্বাক্ষরিত/-**
**[হেলাল উদ্দিন আহমেদ]**
কমিশনার